# গ্রাহকদের জন্য সতর্কতামূলক পরামর্শ

**স্বীকৃতিহীন, ব্যক্তিগত সংস্থার তরফে অবৈধ ও ভুয়ো ঋণ নিষ্পত্তি/ কাউন্সেলিং পরিষেবা থেকে সতর্ক থাকুন!**

প্রিয় গ্রাহকবৃন্দ,

আমাদের নজরে এসেছে, যে কিছু অননুমোদিত, অস্বীকৃত ব্যক্তিগত সংস্থা (i) সোশ্যাল মিডিয়ায়, বিশেষ করে ফেসবুক ও টুইটারে বিজ্ঞাপন দিয়ে, (ii) নিজস্ব ওয়েবসাইটে প্রচার করে ও তা গুগল্ ইত্যাদি সার্চ ইঞ্জিনের মাধ্যমে সহজলভ্য করে, (iii) নিজেদের ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ায় নামী কোম্পানির ব্র্যান্ডের লোগো ও ট্রেডমার্কের অপব্যবহার/অননুমোদিত ব্যবহার করে, (iv) ওয়েবসাইটে ভুয়ো ফিডব্যাক প্রকাশ করার মাধ্যমে সরল গ্রাহকদের প্রলুব্ধ করছে যাতে তাঁরা ওই সব বেআইনি ঋণ নিষ্পত্তিকরণ পরিষেবা গ্রহণ করেন। আগাম অর্থ (advance money)/অগ্রিম মাসুলের advance charegs ) বিনিময়ে ঋণ প্রদানকারী আর্থিক সংস্থার সঙ্গে ঋণের বিষয়টি মিটিয়ে দেওয়ার মিথ্যে আশ্বাস দেওয়া হচ্ছে।

আমরা আমাদের গ্রাহক ও সাধারণ জনতাকে সতর্ক করছি এই ধরণের অননুমোদিত, অস্বীকৃত ব্যক্তি বা সংস্থার সঙ্গে কোনও লেনদেনে জড়াবেন না যারা তাদের ভুয়ো ঋণ নিষ্পত্তিকরণ পরিষেবা (debt counselling services) /সমাধানসূত্র বের করে দেওয়ার লোভ দেখিয়ে ঋণ খেলাপ করা বা করতে ইচ্ছুক গ্রাহকদের নিশানা বানায় এবং এ ভাবে সেই গ্রাহকদের টাকা আত্মসাৎ করে।

এই সব ব্যক্তি বা সংস্থার কাজের ধরন হল এই রকম:

1. গ্রাহকদের সাহায্য করার ছলে এরা নিজেদের ঋণগ্রহীতা ও ব্যাঙ্ক ( Bank) বা অ-ব্যাঙ্ক (NBFC) আর্থিক সংস্থার (ঋণ প্রদানকারী) মধ্যস্থতাকারী হিসেবে দাবি করে এবং ঋণের বিষয়টি নিষ্পত্তি করিয়ে দেওয়ার মিথ্যা আশ্বাস দেয়। যেমন:

(i) বিশেষ আইনি ক্ষমতার দ্বারা অবিশ্বাস্য কম টাকায় বকেয়া ঋণের নিষ্পত্তিকরণ;
(ii) তাদের আইনি সাহায্যের মাধ্যমে গ্রাহকদের বন্ধক রাখা সম্পত্তি ছাড়ানো; ও
(iii) অনেক কম পরিমাণ টাকায় কালো তালিকাভুক্ত কোম্পানির বিপুল পরিমাণ বকেয়া নিষ্পত্তি করিয়ে দেওয়া।

2. তারা সরল গ্রাহকদের ঠকিয়ে প্রথমে তাঁদের সঙ্গে চুক্তি করে বা কাগজপত্র বুঝে নেয় তারপর তাঁদের হয়ে কাজ করার স্বীকৃতিপত্র আদায় করে নেয়।

3. তারা নিরীহ গ্রাহকদের প্রতারণা করতে এই পদ্ধতিগুলি নেয়:

(a) অন্তত দুই মাসের জন্য কিস্তি প্রদান না করতে উস্কানি দেয় এবং বদলে ভুয়ো ঋণ নিষ্পত্তিকরণ প্রক্রিয়ার অধীনে তাদের তৈরি একটি বিশেষ 'নিষ্পত্তিকরণ' ব্যাঙ্ক অ্যাকাউন্টে সেই টাকা জমা দিতে বলে;

(b) প্রতিশ্রুতি দেয় যে তাদের বিশেষ দক্ষতার সাহায্যে অবিশ্বাস্য কম টাকায় গ্রাহকের বকেয়া ঋণ নিষ্পত্তি করে দেবে;

(c) ভরসা দেওয়া হয় যে কিস্তি না দিলে বা কম টাকার ইএমআই দিলেও গ্রাহকের সিবিল (CIBIL) রেকর্ডে তার কোনও প্রভাব পড়বে না;

(d) প্রতারণা করার কৌশলের অংশ হিসেবে তারা ঋণ প্রদানকারী সেজে, ভুয়ো পরিচয়ে, মিথ্যে অভিযোগ করে, আইন বা নিয়মভঙ্গের কথা বলে ভুয়ো নোটিস পাঠায়; এবং

(e) এমনকী তারা গ্রাহকদের প্ররোচিত করে যাতে তাঁরা প্রকৃত ঋণ প্রদানকারী সংস্থার তরফে আসা ফোন ডাইভার্ট করে দেন বা ঋণ প্রদানকারী সংস্থার প্রতিনিধিদের ফোন এলে গালাগালি করেন- যে ব্যবহার কখনওই ঋণ প্রদানকারীরা প্রশ্রয় দেয় না।

এই ধরণের ভুয়ো সংস্থার সঙ্গে গ্রাহকদের যে বোঝাপড়াই হোক না কেন, আমরা আপনাদের মাথায় রাখার আর্জি জানাচ্ছি যে গ্রাহকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পর্যাপ্ত টাকা না রাখা গ্রাহকের তরফে বকেয়া পরিশোধ নির্দেশনা অমান্য করার শামিল। তার ফলে:

(a) ব্যাঙ্ক জরিমানা/মাসুল চাপাতে পারে যা গ্রাহকের অ্যাকাউন্টে টাকা ঢুকলেই সেখান থেকে কাটা হবে। ব্যাঙ্ক কর্তৃক এই মাসুল আদায়ের ঘটনা একই মাসে বা কয়েক মাস ধরে বা কোনও নির্দিষ্ট মাসে হতে পারে এবং

(b) কিস্তি পরিশোধ না করা হলে ঋণ প্রদানকারী জরিমানা চাপাতে পারে- যা গ্রাহককেই শোধ করতে হবে।

ফলশ্রুতিতে গ্রাহকের ঘাড়ে কিস্তির টাকার উপরেও অতিরিক্ত অর্থ পরিশোধের বোঝা চাপে। একই সঙ্গে, এই ধরণের কিস্তি পরিশোধ না করার ঘটনা গ্রাহকের ক্রেডিট রেকর্ডের সিবিল রেটিংয়েও নেতিবাচক প্রভাব ফেলে।

এ ছড়া, ঋণদাতারা ঋণ নিষ্পত্তিকরণ বা কাউন্সেলিং সংস্থার অস্তিত্ব স্বীকার করে না কারণ গ্রাহকরা তাঁদের ঋণ বিষয়ক দায়িত্ব গ্রাহকদের পূর্ব-স্বীকৃত নিয়ম ও শর্তাবলীর বাইরে অন্য কাউকে দায়িত্ব দিতে পারেন না।

প্রদেয় ঋণের বোঝা বাড়িয়ে ও গ্রাহকদের ক্রেডিট রেটিংয়ে নেতিবাচক প্রভাব ফেলতে থাকলেও এই ধরণের প্রতারক সংস্থাগুলি আদপে গ্রাহকদের কোনও ধরণের পরিষেবাই দেয় না, কারণ এমন ধরণের পরিষেবা আইনত বৈধই নয় এবং তারা ঋণ প্রদানকারী সংস্থার দ্বারা এই ধরনের কোনও কাজ করার স্বীকৃতিপ্রাপ্তও নয়। নিরীহ গ্রাহকদের শিকার বানিয়ে তাঁদের কষ্টার্জিত অর্থ আত্মসাৎ করা বাদে এই ধরণের সংস্থাগুলি কোনও কাজেই লাগে না।

আমরা আমাদের গ্রাহকদের আর্জি জানাচ্ছি এই ধরণের ভুয়ো সংস্থা যারা নিজেদের ওয়েবসাইট বা বিভিন্ন বৈদ্যুতিন মাধ্যম/সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে ভুয়ো/বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রকাশ করে তাদের থেকে সতর্ক থাকুন। কারণ, কোনও ধরণের অননুমোদিত বা অবৈধ উপায়ে বকেয়া ঋণ নিষ্পত্তিকরণের প্রচেষ্টায় ক্রেডিট রেকর্ড খারাপ হওয়ার ঝুঁকি থাকে এবং আমাদের বিনীত আবেদন, কোনওভাবেই, এই ধরণের মিথ্যে আশ্বাস বা দাবির শিকার হবেন না।

**সর্তক হোন, সুরক্ষিত থাকুন**

বাজাজ ফিনান্স লিমিটেড দ্বারা জন সচেতনতামূলক উপদেশ / ঘোষণা